



যুক্তরাষ্ট্রের ইতিহাস, সরকার ব্যবস্থা ও সংস্কৃতির সম্বন্ধে পরিচয় করার উদ্দেশ্য নিয়ে মার্কিন পররাষ্ট্র দপ্তর পরিচালিত শিক্ষা বিনিময় কর্মসূচীর অধীনে পাঁচ সপ্তাহের এক সফরে বাংলাদেশের ৭ জন বিশ্ববিদ্যালয় ছাত্র-ছাত্রী এ ঘাসেসই যুক্তরাষ্ট্রে যান। গভর্নাল ছাত্র-ছাত্রীরা আমেরিকান সেন্টারে মার্কিন রাষ্ট্রদূত মেরি অ্যান পিটার্সের সাথে এক যাত্রাপূর্ব সাক্ষাতে মিলিত হয় - আমেরিকান সেন্টার

সাতজন বিশ্ববিদ্যালয় ছাত্র-ছাত্রী ৫ সপ্তাহের শিক্ষা বিনিময় সফরে যুক্তরাষ্ট্রে যাচ্ছে

বাংলাদেশের ৭ জন বিশ্ববিদ্যালয় ছাত্র-ছাত্রী এক শিক্ষা বিনিময় কর্মসূচীর অধীনে পাঁচ সপ্তাহের সফরে যুক্তরাষ্ট্রে যাবে। তাদের সাথে ভারত ও পাকিস্তানের আরো সাতজন করে ছাত্র-ছাত্রী যুক্তরাষ্ট্রে যোগ দেবে। ২৯ জুন থেকে ২ আগস্ট পর্যন্ত সময়ে অনুষ্ঠিতব্য এই সফরের উদ্যোক্তা হলো (১৯শ পৃঃ ৩-এর কঃ ৫ঃ)

সাতজন বিশ্ববিদ্যালয়

(শেষ পৃঃ পর)

যুক্তরাষ্ট্র পররাষ্ট্র দপ্তর। যুক্তরাষ্ট্রের আডামস্কাঙ্কয়েট ছাত্র-ছাত্রী বিনিময় কর্মসূচীর লক্ষ্য হলো আমেরিকার ইতিহাস, সরকার এবং সংস্কৃতির সাথে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের পরিচয় করিয়ে দেয়া। এই ধরনের প্রথম কর্মসূচীর মধ্যে রয়েছে মেরীল্যান্ড অঙ্গরাজ্যের চেটারটানে মনোরম প্রাকৃতিক পরিবেশে অবস্থিত ওয়াশিংটন কলেজে বক্তৃতাশালা এবং জিলাডেলফিয়া, ব্যান্টিমোর, নিউইয়র্ক এবং ওয়াশিংটনের নানা স্থানে ভ্রমণ।

এই কর্মসূচীতে বাংলাদেশ থেকে যারা যাবে তারা হুশু এশিয়ান ইউনিভার্সিটির তাহেরা রহমান, নর্থ-সাউথ বিশ্ববিদ্যালয়ের মাহিদুল ইসলাম, ওমর ফারুক ও জেবুন্নেসা চৌধুরী, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মাহিন সাবরিনা করিম এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সায়েদ নিসবাহুল এবং ফারহানা শারমিন সূমী। যুক্তরাষ্ট্র দূতাবাসের আমেরিকান সেন্টার এক কমিটির বাধ্য প্রক্রিয়ার মাধ্যমে এদের নির্বাচন করে। এরা সবাই আডামস্কাঙ্কয়েট পর্যায়ের শেষবর্ষের ছাত্র-ছাত্রী।

বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মেরি অ্যান পিটার্স এই শিক্ষার্থী বিনিময় কর্মসূচীর প্রশংসা করে বলেন, 'আমি আনন্দিত যে, এই সব ছাত্র-ছাত্রী যুক্তরাষ্ট্র সরকারের দৈনন্দিন কার্যের এবং যুক্তরাষ্ট্রের অভ্যন্তরীণ ও বৈদেশিক নীতি নির্ধারণের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিদের সরাসরি সান্নিধ্য লাভের সুযোগ পাবেন। এই কর্মসূচী তাদের যুক্তরাষ্ট্র সম্পর্কে এবং দক্ষিণ এশিয়া ও বিশ্বের অন্যান্য অঞ্চলের সঙ্গে যুক্তরাষ্ট্রের সম্পর্কের ব্যাপারে আরো ভাল করে জানতে অবদান রাখবে। আমেরিকান সেন্টার।